বাংলা শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইত্তেফাক

097

তারিখ 28 DEC 1988
পৃষ্ঠা 1 কলাম 4

182

# আগামীতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রগুলি কেবল উপজেলা সদরে অবস্থিত হইবে

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন. সরকার শিক্ষা ব্যবস্থাকে সকল প্রকার দুর্নীতিমুক্ত

(শেষ পঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(১ম পৃঃ পর)

করিতে বদ্ধপরিকর। মন্ত্রী গতকাল সচিবালয়ের মন্ত্রীপরিষদ কক্ষে বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকদের এক সভায় বক্তৃতা করছিলেন।

মন্ত্রী পরিষদ বিভাগের সচিব এম মুজিবুল হকের সভাপতিত্বে এ সভায় শিক্ষা বিভাগের সচিব হেদায়েত আহমেদ, অতিরিক্ত সচিব নুরুদ্দিন আল মাসুদ, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহা পরিচালকসহ অন্যান্য পদস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, আগামীতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রগুলি কেবলমাত্র উপজেলা সদরে অবস্থিত হইবে। তিনি পরীক্ষায় ব্যাপকহারে নকল প্রবণতা রোধ এবং সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনা করার লক্ষ্যে কঠোর মনোভাব গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, আগামী ১৯৮৯ সাল হইতে ৮ম শ্রেণীর পরীক্ষায় প্রতিটি বিষয়ের প্রশ্নপত্রের পূর্ণমানের শতকরা ৫০ ভাগ নৈব্যক্তিক (অবজেকটিভ) এবং শতকরা ৫০ ভাগ রচনা ধর্মী প্রশ্ন প্রবর্তন করা হইবে। এছাড়াও ১৯৯২ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষাতেও অনুরূপভাবে প্রশ্নপত্রের মান বন্টন করা হইবে। তথ্য বিবরণী।